# গাইবান্ধায় চা দোকানে বাকি না দেওয়ায় অণ্ডকোষে গুলি,নারী সহ দুইজন আহত



সংগৃহীত ছবি

গাইবান্ধার সাদুল্লাপুর উপজেলায় চায়ের দোকানে বাকি না দেওয়ায় নারীসহ দু'জনকে গুলি করেছে এক যুবক। বুধবার (১৩ আগস্ট) সকাল ১১টার দিকে খোর্দ্দকোমরপুর ইউনিয়নের নাপিতের বাজারে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, দক্ষিণ চকদাড়িয়া গ্রামের চা দোকানি সিদ্দিক মিয়ার ছেলে ওয়াসিম মিয়া (৪৫) ও মর্জিনা বেগম (৩৫) নামের এক নারী গুলিবিদ্ধ হন। তারা বর্তমানে গাইবান্ধা সদর হাসপাতালে চিকিৎসাধীন।

অভিযুক্ত গোলাপ মিয়া (৩০) একই গ্রামের মৃত তয়েজ প্রামানিকের ছেলে। তিনি সিদ্দিকের চায়ের দোকানে এসে বাকিতে পণ্য চাইলে দোকানদার অপারগতা জানান। একপর্যায়ে গোলাপ মিয়া পিস্তল বের করে একাধিক গুলি ছোড়ে। এতে ওয়াসিম মিয়ার অণ্ডকোষের নিচে ও মর্জিনা বেগমের পায়ে গুলি লাগে।

স্থানীয়দের দাবি, গোলাপ মিয়া সাবেক এমপি উম্মে কুলসুম স্মৃতির ঘনিষ্ঠ ছিলেন।

ইদিলপুর ইউনিয়ন পরিষদের সদস্য খোকন মিয়া বলেন, "ঘটনার পর স্থানীয়রা আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠায়।"

সাদুল্লাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজউদ্দীন খন্দকার জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। অস্ত্রের উৎস অনুসন্ধানসহ অভিযুক্তের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

LENS ASIA